গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়,বাগেরহাট

স্মারক নং - সিএসবি/এস-২/হিসাব/২০১৯/১৪৫৩ তাং ১১ /০৬/২০১৯ খ্রিঃ

## দরপত্র বিজ্ঞপ্তি

সিভিল সার্জন, বাগেরহাট এর প্রশাসনাধীন সিভিল সার্জন অফিস,সদর হাসপাতাল,বাগেরহাট এবং মোল্লাহাট, চিতলমারী, ফকিরহাট, রামপাল, কচুয়া,মোড়েলগঞ্জ, মোংলা ও শরনখোলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জন্য আলাদা আলাদাভাবে ২০১৯-২০২০ অর্থ বৎসরের জন্য পথ্য, ষ্টেশনারী ও বিবিধ দ্রব্যাদি সরবরাহ এবং কাপড় - চোপড় ধোলাই কাজের ঠিকাদার নিয়োগের নিমিত্তে বাংলাদেশী ঠিকাদার/সরবরাহকারী/ ব্যবসা প্রতিষ্ঠান/ লন্ড্রী মালিক (কাপড় চোপড় ধোলাই এর ক্ষেত্রে ) এর নিকট হইতে নিম্ন স্বাক্ষরকারী কর্তৃক সীল মোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাইতেছে।

| | | | |
|---|---|---|---|
| ১ | মন্ত্রনালয়/ডিভিশন | ঃ | স্বাস্থ্য মন্ত্রনালয় |
| ২ | সংগ্রাহক সত্ত্বার নাম | ঃ | সিভিল সার্জন, বাগেরহাট |
| ৩ | দরপত্রের পদ্ধতি | ঃ | উন্মুক্ত |
| ৪ | দরপত্রের প্যাকেজ নং | ঃ | প্যাকেজ নং-০৩ |
| ৫ | আহ্বানকৃত কাজের ধরন | ঃ | পথ্যাদি সরবরাহ,ষ্টেশনারী ও বিবিধ মালামাল ক্রয় এবং ধোলাই কার্য সম্পাদন। |
| ৬ | দরপত্র আহ্বানের সূত্র | ঃ | ২০১৯-২০২০ অর্থ বৎসরের জন্য নিয়মিত সরবরাহকার্য |
| ৭ | বরাদ্দের উৎস | ঃ | বাংলাদেশ সরকার |
| ৮ | মোট গ্রুপ | ঃ | ০৩ টি |
| ৯ | দরপত্রের মূল্য | ঃ | প্রতি সেট ৭৫০/= ও ৪০০/= ( অফেরৎ যোগ্য/নগদ মূল্য ) |
| ১০ | দরপত্র বিক্রয়ের স্থান ও ঠিকানা | ঃ | সিভিল সার্জন অফিস,বাগেরহাট ও স্ব স্ব উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স। |
| ১১ | দরপত্র বিক্রয়ের তারিখ ও সময় | ঃ | ইং- ১২ /০৬/২০১৯ তারিখ হইতে ২৫/০৬/২০১৯ তারিখ পর্যন্ত প্রতিদিন সকাল ১০-০০ টা হইতে অফিস চলাকালীন সময় পর্যন্ত। |
| ১২ | দরপত্র দাখিলের স্থান | ঃ | সিভিল সার্জন অফিস,বাগেরহাট ও পুলিশ সুপারের কার্যালয়,বাগেরহাট। |
| ১৩ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | ঃ | ইং- ২৬ /০৬ /২০১৯ দুপুর ১২-০০ টা পর্যন্ত |
| ১৪ | দরপত্র খোলার স্থান | ঃ | সিভিল সার্জন অফিস, বাগেরহাট |
| ১৫ | দরপত্র খোলার তারিখ ও সময় | ঃ | ইং- ২৬/০৬/২০১৯ তারিখ দুপুর ১-০০ ঘটিকায়। |
| ১৬ | বিশেষ নির্দেশনা | ঃ | ক) পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা / ২০০৬,২০০৮,২০০৯ এবং সংশোধনী ২০১৮ এর আইন-২৪ এর উপধারা (১ক) এর অনুবলে দরপত্র দাতা কর্তৃক দেয় দর যাচাই-বাছাই করা হইবে।<br>খ) অত্র দরপত্র বিজ্ঞপ্তি বর্নিত শর্তাবলির অংশ হিসাবে বিবেচিত হইবে। |

কাজের বিবরণ ঃ

| ক্রঃনং | বিবরণ | সিডিউলের মূল্য | বায়নার টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ১ | পথ্য - ক ঃ চাল ,ডাল তেল , সবজি,মসলা ইত্যাদি<br>খ ঃ মাছ, মাংস ইত্যাদি<br>( শুধুমাত্র সদর হাসপাতাল,বাগেরহাটের জন্য ) | ক = ৭৫০/=<br>খ = ৭৫০/= | ৮০,০০০/=<br>৫০,০০০/= |
| ২ | পথ্য - চাল ডাল তেল, মাছ মাংস সবজি মসলা ইত্যাদি<br>( উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জন্য ) | পথ্য = ৭৫০/= | ৪০,০০০/= |
| ৩ | ষ্টেশনারী ও বিবিধ দ্রব্যাদি | ৪০০/= | ১০,০০০/= |
| ৪ | ময়লা কাপড় ধোলাই | ৪০০/= | ২০,০০০/= |

শর্তাবলীঃ

১। ছকে উল্লেখিত প্রত্যেক গ্রুপের জন্য বায়নার টাকা ব্যাংক ড্রাফট আকারে" সিভিল সার্জন ,বাগেরহাট "এর অনুকুলে দরপত্রের সংগে দাখিল করিতে হইবে।

২। দরদাতার স্বাক্ষর ছাড়া দরপত্রের কাটাকাটি গ্রহনযোগ্য হইবে না। অতিরিক্ত কাটাকাটি/ঘষামাজা/ ফ্লুইড দেওয়া আদৌ গ্রহনযোগ্য নহে। উক্ত দরপত্র নন-রেসপনসিভ হিসাবে গন্য হইবে।

৩। দরপত্র সিডিউলের প্রতি পাতায় দরপত্র দাতার স্বাক্ষর থাকিতে হইবে। স্বাক্ষর বিহীন দরপত্র বাতিল বলিয়া বিবেচিত হইবে। স্বাক্ষরে অবশ্যই দরদাতা প্রতিষ্ঠানের সীল ব্যবহার করিতে হইবে।

৪। কৃতকার্য দরপত্র দাতাকে ২০১৯-২০২০ অর্থ বছরের মোট খরচের ১০% নিরাপত্তা জামানত এবং ধার্যকৃত নগত জামানত স্থানীয় কর্তৃপক্ষের নিকট কার্যাদেশ পাওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জমা দিতে হইবে।

৫। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলিয়া গন্য হইবে।

৬। দরপত্রের সকল আইটেমের দর অংকে ও কথায় লিখিতে হইবে। অন্যথায় বাতিল বলিয়া গন্য হইবে।

২য় পাতায় দ্রষ্টব্য

। কৃতকার্য দরপত্র দাতাকে কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে স্থানীয় কর্তৃপক্ষের সংগে ৩০০/-(তিনশত) টাকা মূল্যের নন- জুডিশিয়াল ষ্টাম্পে চুক্তি সম্পাদন করিতে হইবে।

৮। সর্ব্বনিম্ন দর গ্রহন করিতে কমিটি বাধ্য নহে। কোন কারণ দর্শানো ছাড়াই দরপত্র কমিটি যে কোন দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। দরপত্র কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গন্য হইবে।

৯। যদি ঠিকাদার কর্তৃক দাখিলকৃত সর্বনিম্ন দর একের অধিক ব্যক্তির একই হয় তবে সে ক্ষেত্রে লঠারীর মাধ্যমে অথবা ঠিকারের অভিজ্ঞতার সনদের উপর ভিত্তি করিয়া ঠিকাদার নিয়োগ দেওয়া হইবে। এ বিষয়ে কমিটির সিদ্ধান্ত চুড়ান্ত বলিয়া গন্য হইবে। এ বিষয়ে কাহারো কোন অযোর আপত্তি গ্রহন যোগ্য হইবে না।

১০। ঠিকাদার কর্তৃক দাখিলকৃত দর সিডিউলে উল্লেখিত চলমান বাজার দরের সঙ্গে অবশ্যই সামঞ্জস্য পুর্ন হইতে হইবে। যদি ঠিকাদার কর্তৃক দেয় কোন আইটেমের দর চলমান বাজার দরের সহিত অসামঞ্জস্য প্রতিয়মান হয় তবে কোন অবস্থায়ই তাহার দেয়দর গ্রহন করা হইবে না এবং তাহার দরপত্র পিপিআর-২০১০ এর বিধি বিধান মতে নন-রেসপনসিভ হিসাবে গন্য হইবে। এ বিষয়ে কোন ওজর-আপত্তি গৃহীত হইবে না।

১১। প্রত্যেক গ্রুপের দরপত্রের জন্য খামের উপর গ্রুপের নাম ও প্রতিষ্ঠানের নাম উল্লেখ করিতে হইবে। অন্যথায় বাতিল বলিয়া গন্য হইবে।

১২। কোন ব্যাক্তি/প্রতিষ্ঠান ২টি উপজেলা প্রতিষ্ঠান এর বেশী সিডিউল ক্রয় করিতে পারিবে না। ২টি উপজেলার বেশী সিডিউল ক্রয় করিলে ঐ ব্যাক্তি/প্রতিষ্ঠানের স্থায়ী ঠিকানার উপজেলা ব্যাথিত অন্য গুলি নন-রেসপনসিভ হিসাবে বিবেচিত হইবে।

১৩। অডিট কার্য সম্পন্ন না হওয়া পর্যন্ত ঠিকাদারের নিরাপত্তা জামানত ফেরৎ দেওয়া হইবে না।

১৪। কৃতকার্য দরপত্র দাতা অন্য কাহাকেও ক্ষমতা অর্পন করিতে পারিবেন না।

১৫। অর্থ বরাদ্দ স্বাপেক্ষে বিলের দাবি পরিশোধ যোগ্য।

১৬। আগামী ইং ২০২০-২০২১ অর্থ বৎসরে নতুন ঠিকাদার নিযুক্ত না হওয়া পর্যন্ত স্ব-স্ব প্রতিষ্ঠানে নিযুক্ত ঠিকাদার ইং ২০১৮-২০১৯ অর্থ বৎসরে গৃহীত ও নির্ধারিত দরে কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক মালামাল সরবরাহ করিতে বাধ্য থাকিবেন।

১৭। সকল সত্যায়ন প্রথম শ্রেনীর ঘোষিত সরকারী কর্মকর্তা কর্তৃক হইতে হইবে এবং সত্যায়নকারী কর্মকর্তার নামযুক্ত সীল ব্যবহার করিতে হইবে।

১৮। দাখিলকৃত দরপত্রের সংগে সংযুক্ত কোন সনদ ও কাগজ পত্র যদি ভুয়া / মিথ্যা প্রমানিত হয় তবে তাঁহার দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে এবং তাঁহার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহন করা হইবে।

১৯। দরপত্রের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত বায়নার টাকা ফেরৎ দেওয়া হইবে না।

২০। সদর হাসপাতাল, বাগেরহাটের ২০১৯-২০২০ অর্থ বৎসরের জন্য নির্বাচিত ষ্টেশনারী ও বিবিধ দ্রব্যাদি এবং ধোলাই ঠিকাদার সিভিল সার্জন,অফিস, সদর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও বক্ষব্যাধি ক্লিনিক, বাগেরহাটের ষ্টেশনারী - বিবিধ দ্রব্যাদি সরবরাহ এবং প্রয়োজনীয় ধোলাই কার্য সম্পন্ন করিবেন।

২১। অনিবার্য কারণ বশতঃ প্রয়োজনে কর্তৃপক্ষ দরপত্র সিডিউল বিক্রয়ের / দরপত্র দাখিলের / দরপত্র বাক্স খোলার তারিখ পরিবর্তন করিতে পারিবেন এবং তাহা শুধুমাত্র অফিস নোটিশ বোর্ডের মাধ্যমে জানানো হইবে। এ বিষয়ে কাহারো কোন আপত্তি গৃহীত হইবে না।

২২। দাখিলকৃত দরপত্রের সংগে সংযুক্ত সকল সনদ/কাগজ-পত্রের মুল কপি চাহিবা মাত্র কমিটির নিকট উপস্থাপন করিতে হইবে এবং যথাসময়ে মূল কাগজপত্র উপস্থাপনে ব্যর্থ হইলে তাহার দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে/বাতিল করা হইবে।

২৩। <u>প্রত্যেক গ্রুপের দরপত্রের সাথে নিম্নোক্ত কাগজ-পত্র সংযুক্ত করিতে হইবে ঃ</u>

ক) ২০১৮-২০১৯ অর্থ বছরের আয়কর বৎসরে আয়কর পরিশোধের / প্রক্রিয়াধীন সনদ পত্রের সত্যায়িত কপি দরপত্রের সাথে জমা দিতে হইবে। কোন অবস্থাতেই শুধুমাত্র করদাতা মর্মে সনদপত্র গ্রহন যোগ্য নহে ( ধোলাইয়ের দরপত্রে ক্ষেত্রে TIN প্রত্যায়ন প্রযোজ্য )।

খ) যে কোন তালিকাভুক্ত ব্যাংক হইতে চলতি অর্থ বৎসরের (২০১৮-১৯ আর্থিক বছর) স্বচ্ছলতার সনদ পত্র সংযুক্ত করিতে হইবে (ধোলাইয়ের ক্ষেত্রে প্রযোজ্য নহে )।

গ) ২০১৮-২০১৯ আর্থিক বছরের ৩০ শে এপ্রিল ২০১৯ পর্যন্ত নুন্যতম ৫,০০,০০০/= (পাঁচ লক্ষ ) টাকার ব্যাংক লেনদেন বিবরনীর সত্যায়িত কপি দরপত্রের সাথে সংযুক্ত করিতে হইবে ( ষ্টেশনারী ও ধোলাইয়ের দরপত্রে ক্ষেত্রে প্রযোজ্য নহে )।

ঘ) পণ্যের আকৃতি-প্রকৃতি ও পরিমানের ব্যাপারে দরপত্রের বর্ননা অনুযায়ী হাসপাতাল কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

ঙ) চলতি অর্থ বৎসর পর্যন্ত (৩০ শে জুন/২০১৯) মেয়াদ সম্পন্ন ট্রেড লাইসেন্স / সরবরাহ লাইসেন্সের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।

চ) হাল নাগাদ নবায়নকৃত ভ্যাটের নিবন্ধন পত্রের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে( ধোলাইয়ের দরপত্রে ক্ষেত্রে প্রযোজ্য নহে )।

ছ) সম্প্রতি সংগৃহীত নাগরিকত্ব সনদ পত্র দাখিল করিতে হইবে।

জ) পি,পি,আর ২০০৮ এর ৪৮ বিধির আলোকে দরপত্র দাতাকে দরপত্রের সাথে অংগীকার নামা/ ঘোষনা পত্র জমা দিতে হইবে। (ধোলাই এর দরপত্রে ক্ষেত্রে প্রযোজ্য নহে )।

ঝ) পণ্যাদি সরবরাহের ক্ষেত্রে অনুরুপ কাজের অভিজ্ঞতা থাকিতে হইবে ( অভিজ্ঞতা সনদ পত্র অব্যশই দরপত্রে সঙ্গে সংযুক্ত করিতে হইবে )। অন্যথায় তাহার দরপত্র নন-রেসপনসিভ হিসাবে গন্য হইবে।

ঞ) দরপত্রের সাথে দরপত্র দাতার এক কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করিতে হইবে।

৩য় পাতায় দ্রষ্টব্য

ট) নিয়োগ প্রাপ্ত ঠিকাদার নিজ খরচায় কাপড়- চোপড় ধোলাই এর জন্য ময়লা কাপড়-চোপড় নিয়া ধোলাই ও মাড় দিয়া ইস্ত্রী করিয়া হাসপাতাল/ স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহে পৌঁছাইয়া দিবেন এবং ত্রুটিপূর্ণ ধোলাইকৃত কাপড় ধোলাই করিতে হইবে। সে জন্য কোন অতিরিক্ত মজুরী দেওয়া হইবে না।

ঠ) কাপড়-চোপড় ধোলাই দরপত্র দাতার প্রত্যেক সপ্তাহে অন্ততঃ দুইবার করিয়া হাসপাতাল হইতে কাপড় চোপড় ধোয়ার জন্য সংগ্রহ করিতে হইবে। এবং জমা দিতে হইবে। যদি কোন কাপড় ঠিকাদারের নিকট হইতে চুরি বা হারাইয়া যায় বা পুড়িয়া যায় তাহা হইলে ঠিকাদারের জামানতের টাকা হইতে ইহার মূল্য কাটিয়া রাখা হইবে এবং যে ক্ষতিপূরণ ধার্য্য করা হইবে ঠিকাদারকে তাহা মানিয়া নিতে বাধ্য থাকিতে হইবে।

২৪। শর্ত মোতাবেক সকল কাগজপত্র সংযুক্ত না থাকিলে দরপত্র বাতিল / নন-রেসপসিভ হিসাবে বলিয়া বিবেচিত হইবে।

( ডাঃ জি,কে,এম শামসুজ্জামান )
সিভিল সার্জন,বাগেরহাট।

স্মারক নং-সিএসবি/এস-২/হিসাব/২০১৯/ ১৪৮৩/৪০ তাং ১১ /০৬/২০১৯ খ্রিঃ

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হইল-

১। মহা পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষন ঃ পরিচালক(অর্থ),স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক(স্বাস্থ্য), খুলনা বিভাগ, খুলনা।
৩। জেলা প্রশাসক, বাগেরহাট।
৪। পুলিশ সুপার, বাগেরহাট।
৫। সিভিল সার্জন, খুলনা/সাতক্ষীরা/ যশোর/নড়াইল/মাগুরা/ঝিনাইদহ/ মেহেরপুর/কুষ্টিয়া।
৬। তত্ত্বাবধায়ক, সদর হাসপাতাল, বাগেরহাট।
৭। উপ পরিচালক, পরিবার পরিকল্পনা, বাগেরহাট।
৮। উপজেলা নির্বাহী অফিসার(সকল),........................., বাগেরহাট।
৯। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা(সকল),..........................., বাগেরহাট। উল্লেখিত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারসহ নিম্ন স্বাক্ষরকারীর দপ্তর হইতে সিডিউল সংগ্রহ করতঃ নির্ধরিত সময়ের মধ্যে বিক্রয়ের ব্যবস্থা গ্রহনের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হইল।
১০। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বাগেরহাট।
১১। জেলা তথ্য অফিসার, বাগেরহাট।
১২। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,(সকল),..............................., বাগেরহাট।
১৩। ক্যাশিয়ার / ষ্টোর কিপার, অত্র দপ্তর।
১৪। নোটিশ বোর্ড, অত্র দপ্তর।

সিভিল সার্জন
বাগেরহাট।